

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩০৭

আগরতলা, ২২ ফেব্রুয়ারি, ২০২৬

টিটিএএডিসি'র সাধারণ নির্বাচন ২০২৬
চূড়ান্ত ভোটগ্রহণ কেন্দ্রের তালিকা প্রকাশিত

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জিলা পরিষদের আসন্ন সাধারণ নির্বাচন, ২০২৬ উপলক্ষে ২৮টি নির্বাচনী ক্ষেত্রের ভোট গ্রহণ কেন্দ্রের চূড়ান্ত তালিকা গতকাল ২১ ফেব্রুয়ারি, ২০২৬ প্রকাশিত হয়েছে। ইলেকশন কমিশনার ফর ডিস্ট্রিক্ট কাউন্সিল'র সচিব এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন। চূড়ান্ত তালিকায় ২৮টি নির্বাচনী ক্ষেত্রে মোট ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ১,২৫৭টি। এরমধ্যে কাঞ্চনপুর মহকুমায় ১-দামছড়া-জম্পুই (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৬১টি, ৩-দশদা-কাঞ্চনপুর নির্বাচনী ক্ষেত্রে ৪২টি, কুমারঘাট মহকুমায় ২-মাছমাড়া নির্বাচনী ক্ষেত্রে ৪২টি, ৪-করমছড়া (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৫০টি, লংতরাইভ্যালি মহকুমায় ৫-ছামনু (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৪৮টি, ৬-মনু-ছেলেথটা নির্বাচনী ক্ষেত্রে ৪০টি, ৭-ডেমছড়া-কচুছড়া (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৫২টি, গন্ডাছড়া মহকুমায় ৮-গঙ্গানগর-গন্ডাছড়া (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৪২টি, ২৪-রাইমাভ্যালি (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৪৩টি, খোয়াই মহকুমায় ৯-হালাহালি-আশারামবাড়ি (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৪৭টি, ১২-রামচন্দ্রঘাট (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৪১টি, আমবাসা মহকুমায় ১০-কুলাই-চাম্পাহাওর (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৪৮টি, তেলিয়ামুড়া মহকুমায় ১১-মহারানীপুর-তেলিয়ামুড়া (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৪৮টি, মোহনপুর মহকুমায় ১৩-সিমনা-তমাকারি (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৩৪টি, ১৪-বোধজংনগর-ওয়াকিনগর (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৩৫টি, জিরানীয়া মহকুমায় ১৫-জিরানীয়া (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৪০টি, ১৬-মান্দাইনগর-পুলিনপুর (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৪০টি, জম্পুইজলা মহকুমায় ১৭-পেকুয়ারজলা-জন্মোজয়নগর (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৩৯টি, ১৮-টাকারজলা-জম্পুইজলা (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ২৭টি, বিশালগড় মহকুমায় ১৯-আমতলী-গোলাঘাটি (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৪৭টি, উদয়পুর মহকুমায় ২০-কিল্লা-বাগমা (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৪৬টি, ২২-কাঁঠালিয়া-মির্জা-রাজাপুর (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৬২টি, অমরপুর মহকুমায় ২১-মহারানী-চেলাগাও (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৩৭টি, ২৩-অম্পিনগর (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৪৩টি, করবুক মহকুমায় ২৫-নতুনবাজার-মালবাসা (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৫২টি, শান্তিরবাজার মহকুমায় ২৬-বীরচন্দ্রনগর-কলসি (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৪৫টি এবং সাব্রুম মহকুমায় ২৭-পূর্ব মছুরীপুর-ভুরাতলী (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৫০টি ও ২৮-শিলাছড়ি-মনুবনকুল (এসটি) নির্বাচনী ক্ষেত্রে ৫৬টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে।
